গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : চীনের Jiangsu Maritime Institute (JMI) এ পঞ্চম সেমিস্টারে অধ্যয়নরত বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিসমূহের সাবেক ছাত্রদের CDC প্রদান বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ : ০২-০৯-২০৯২১ খ্রি:।
সময় : বিকাল ০৩.০০ টা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন বিশ্বব্যাপী নৌপরিবহন সেক্টরে বাংলাদেশের অবদান আরো সুদৃঢ় ও মজবুত করার প্রয়োজনে সুদক্ষ মেরিনার/নাবিক তৈরী করতে এ মন্ত্রণালয়ের সকল সংস্থা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যকে সামনে রেখে দেশের অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে মর্মে উল্লেখ করে তিনি বলেন মন্ত্রণালয় বা সংস্থা যেখান থেকেই কার্যক্রম গ্রহণ করা হোক না কেন আমাদের সম্মিলিত লক্ষ্য জাতীয় অর্থনীতিকে সুসংহতকরণ ও দেশের মানুষের কল্যাণ সাধন। সে প্রেক্ষাপটে Institute of Marine Technology'র সাথে Jiangsu Maritime Institute (JMI) এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের চাহিদার ভিত্তিতে JMI-তে পঞ্চম সেমিস্টারে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রদেরকে STCW Convention সহ সংশ্লিষ্ট বিধিবিধান প্রতিপালনপূর্বক CDC প্রদান করা যায় কিনা সে বিষয়ে আলোচনার সুবিধার্থে তিনি বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্যে এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (জাহাজ) জনাব মোঃ শেখ শহিদুল ইসলামকে অনুরোধ করেন। উপস্থাপনামতে চীনের Jiangsu Maritime Institute (JMI) এবং বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যুরোর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্বারকের ভিত্তিতে বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজিসমূহে অধ্যয়নরত ছাত্ররা JMI তে Advanced Diploma in Marine Engineering এ অধ্যয়নের সুযোগ পেয়ে থাকে। বর্তমানে কিছু ছাত্র চতুর্থ সেমিস্টারে অধ্যয়নরত রয়েছে। পঞ্চম সেমিস্টারে উত্তীর্ণ হলে বাংলাদেশি ছাত্ররা JMI এ অনুষ্ঠেয় Job Fair এ অংশগ্রহণ করতে পারবে। সে কারণে JMI কর্তৃপক্ষ সেখানে অধ্যয়নত বাংলাদেশি ছাত্রদের Continuous Discharge Certificate (CDC) প্রদানের অনুরোধ জানিয়েছে।

২। আলোচনায় অংশ নিয়ে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ নাজীবুল ইসলাম বলেন China IMO'র White List ভুক্ত দেশ এবং JMI মেরিন সেক্টরে একটি বিশ্বমানের প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি STCW Convention পরিচালনা করেই তাদের কোর্স পরিচালনা করে। JMI তে Advanced Diploma in Marine Technology তে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রদের CDC প্রদানের বিষয়ে কোন সমস্যা নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন। তাছাড়া কোভিড ১৯ এর কারণে বিশ্বে বাংলাদেশের শ্রমবাজার সংকুচিত হয়ে পড়েছে। এমতাবস্থায়, JMI তে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রদের CDC প্রদান করলে তারা বিশ্ব বাজারে মেরিন

(অঃ পৃঃ দ্রঃ)

সেক্টরে প্রতিযোগিতা করে অবস্থান সুসংহত করার একটি সুযোগ পাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৩। জনাব মীর খায়রুল আলম, অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বলেন JMI এ প্রশিক্ষণের কারিগরি সুবিধাদি বিশ্বমানের। প্রশিক্ষককরা STCW অনুযায়ী নিয়োগকৃত এবং দক্ষ। তিনি বলেন JMI এ বাংলাদেশী ছাত্ররা প্রশিক্ষণ গ্রহণ করার পর বিশ্ববাজারে চাকুরীর সুযোগ পাবে। বাংলাদেশের অর্থনীতি সচল রাখতে overseas employment বাড়াতে না পারলে কাংখিত বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব নয় বলে তিনি জানান। তিনি বলেন JMI এ যে সকল বাংলাদেশী ছাত্ররা অধ্যয়ন করতে যায় তারা খুবই মেধাবী ও পরিশ্রমী। প্রশিক্ষণ শেষে বিশ্ববাজারে ছড়িয়ে পড়ার যোগ্যতা তাদের আছে। সুতরাং তাদের CDC প্রদানের জন্য তিনি সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

৪। ড. সাজিদ হোসেন, কমান্ড্যান্ট, মেরিন একাডেমি বলেন JMI এ অধ্যয়নরত ছাত্রদের CDC প্রদানের বিষয়টি ভাল উদ্যোগ তবে JMI তে অধ্যয়নরত ছাত্ররা অফিসার হিসেবে CDC প্রাপ্ত হবেন নাকি Ratings/ নাবিক হিসেবে CDC প্রাপ্ত হবেন সে বিষয়টি নিশ্চিত করার বিষয়টি তিনি উত্থাপন করেন। তিনি বলেন JMI IMO প্রণীত মডেল কোর্স অনুসরণ করে কারিকুলাম সম্পন্ন করে কি না সে বিষয়টি দেখতে হবে। JMI তে যে সকল Chinese ছাত্ররা পড়াশোনা করছে তারা যদি অফিসার হিসেবে CDC পায় তবে সে ক্ষেত্রে বাংলাদেশী ছাত্ররাও অফিসার হিসেবে CDC পেতে পারে।

৫। আলোচনায় অংশ নিয়ে নৌপরিবহন অধিদপ্তরের চীফ নটিক্যাল সার্ভেয়ার ক্যাপ্টেন জসিম উদ্দিন বলেন বাংলাদেশে HSC পরীক্ষায় উত্তীর্ণ হয়ে একজন ছাত্র মেরিন একাডেমিতে ভর্তি হয়ে কোর্স সম্পন্ন করে অফিসার হিসেবে CDC গ্রহণ করে। কিন্তু JMI তে বাংলাদেশি যেসকল ছাত্ররা অধ্যয়ন করে তারা SSC পাশ করে IMT তে ১ বছর অধ্যয়ন করার পর JMI তে ডিপ্লোমা কোর্সে ভর্তি হয়ে ৩ বছর অধ্যয়ন সম্পন্ন করে। তিনি বলেন যেহেতু তারা SSC পরীক্ষায় উত্তীর্ণ হয়ে IMT তে ভর্তি হয় সেহেতু তাদেরকে সরকারের অনুমোদন সাপেক্ষে Ratings/নাবিক হিসেবে CDC প্রদান করা যেতে পারে। তাছাড়া STCW Regulation I/10-Recognition of Certificates অনুযায়ী অন্য কোন দেশের মেরিটাইম প্রশিক্ষণ এবং সনদায়নকে স্বীকৃতি প্রদান করতে হলে সংশ্লিষ্ট দেশ দু'টির মধ্যে এ সংক্রান্ত চুক্তি থাকা আবশ্যক। বাংলাদেশ এবং চীন পরস্পরের মেরিটাইম প্রশিক্ষণ এবং সনদায়নকে স্বীকৃতি প্রদান করে না। তাঁর এ বক্তব্যের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ নাজীবুল ইসলাম বলেন অফিসার হিসেবে CDC পাওয়ার জন্য HSC পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এমন কোনো বিষয় STCW Convention এ উল্লেখ নেই। তাছাড়া বাংলাদেশের মেরিন একাডেমিতে IMO প্রণীত STCW Convention এর A-III/1 Regulation অনুসরণ করে সনদ প্রদান করে। একইভাবে JMI ও A-III/1 Regulation অনুসরণ করে সনদ প্রদান করে। সুতরাং অফিসার হিসেবে CDC প্রদান করতে কোন সমস্যা নেই মর্মে প্রতীয়মান বলে তিনি জানান।

৬। নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব এ.টি.এম মোনেমুল হক আলোচনায় অংশ নিয়ে জানান CDC প্রদানের জন্য বাংলাদেশ এবং চীন এর মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি লাগবে কি না সে বিষয়টি নিশ্চিত হওয়া প্রয়োজন। JMI এ অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রদের CDC প্রদান করলে IMO Convention লংঘন হবে কিনা সে বিষয়টি বিবেচনায় নিয়ে CDC প্রদানের বিষয়টি বিবেচনা করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

৭। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বলেন, বাংলাদেশের মেরিটাইম সেক্টরকে সুসংহত ও শক্তিশালী করার জন্য চীনের সাথে এ সংক্রান্ত চুক্তি বাংলাদেশের জন্য একটি বড় সুযোগ। JMI'র সাথে MoU সম্পাদন

(অঃ পৃঃ দ্রঃ)

করার জন্য তিনি BMET কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বিশ্বের অনেকগুলো দেশের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক চুক্তি আছে যার ফলে সে সকল দেশ কর্তৃক প্রদত্ত CDC বাংলাদেশ স্বীকৃতি প্রদান করে এবং বাংলাদেশ কর্তৃক প্রদত্ত CDC ও সে সকল দেশ স্বীকৃতি প্রদান করে। বাংলাদেশ এবং চীন এর মধ্যে Certificate of Recognition সংক্রান্ত একটি চুক্তি সম্পন্ন করা গেলে CDC প্রদান সংক্রান্ত উক্ত জটিলতা দূর হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

৮। প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ, পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড জানান, চীনে Job Fair এ বাংলাদেশী ছাত্রদের অংশগ্রহণের জন্য CDC প্রয়োজন। Job Fair এ অংশগ্রহন করার সুযোগ পেলে বাংলাদেশী ছাত্ররা আন্তর্জাতিক বাজারে চাকুরী নিশ্চিত করতে পারবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি JMI তে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রদের CDC প্রদানের অনুরোধ জানান।

৯। সভাপতি তার বক্তব্যে বলেন বাংলাদেশী ছাত্ররা দেশের বাইরে অধ্যয়ন করে বিদেশী চাকুরীর বাজারে প্রতিযোগিতাপূর্বক চাকুরী নিশ্চিত করে বৈদেশিক মুদ্রা অর্জন করে দেশের অর্থনীতি সচল রাখবে সেটা সবার কাম্য। ছাত্ররা JMI এ অধ্যয়ন শেষ করে বাংলাদেশ হতে CDC গ্রহণ করে বিদেশে নৌপরিবহন সেক্টরে চাকুরী নিশ্চিত করতে পারলে সেটা বাংলাদেশের জন্য মঙ্গলজনক। তবে তারা দেশে ফিরে এসে দেশের মেরিটাইম সেক্টরে প্রতিযোগিতা করতে চাইলে সেক্ষেত্রে বাংলাদেশে বিদ্যমান কারিকুলামের সাথে তাদের গৃহীত প্রশিক্ষণ সামঞ্জস্যপূর্ণ কিনা সে বিষয়টি নিশ্চিত করা যেতে পারে। JMI তে বাংলাদেশী ছাত্ররা কোন ধরনের কোর্স করে সেগুলো বিবেচনা করে এবং সে সংক্রান্ত প্রামাণিক কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক CDC প্রদান করা যায় বলে তিনি মতামত ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত হয়:

(১) জে এম আই-তে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর সাথে সামঞ্জস্যপূর্ণ কোর্সে পাঠ দান করা হয় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উক্ত তথ্যাদি পাবার পর নৌপরিবহন মন্ত্রণালয় JMI তে অধ্যয়নরত ছাত্রদের CDC ইস্যু করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

(২) চীনের সাথে দ্বিপাক্ষিক ভিত্তিতে Certificate of Competency (COC) স্বীকৃতি সংক্রান্ত চুক্তির বিষয়টি প্রস্তাব আকারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে চীনে পাঠানো হবে। এ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৯/২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
(অঃ পৃঃ দ্রঃ)

Workpaper 2020

নথি নং-১৮.০১৯.০২২.০০.০০.০০৪.২০১৩(অংশ-১)- ৯৯২ তারিখঃ ২১-০৯-২০২১।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭১, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম-৪২০৬।
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সিঃ এনাঃ/প্রোগ্রামার/সহঃ প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সংস্থা-১)/যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২১/০৯/২১

(মোহাঃ আমিনুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৫০৭৮৬

Workpaper 2020